গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত জুন, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	নাছিমা বেগম এনডিসি, সচিব
তারিখ ও সময়ঃ	:	১৫ জুন, ২০১৭, সকাল ০৯:৩০ ঘটিকা।
স্থানঃ	:	সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট-'ক'।

২। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতির সম্মতিক্রমে মে, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা:

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/০৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ০১/১১/২০১৫ তারিখে তাঁর 'কোন শিশু রাস্তায় ঘুমাবেনা' মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের ৭টি সিদ্ধান্ত সম্পূর্ণরূপ বাস্তবায়ন করা হয়েছে। অপর ৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিচে উল্লেখ করা হল:

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	• শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে। • 'কোন শিশু রাস্তায় ঘুমাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা।	প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প জানান যে, পথশিশুদের জরিপ ও তালিকা প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে এবং বিভিন্ন শেল্টার হোমে তাদের আশ্রয়ের ব্যবস্থা করা হয়েছে। তবে পথ শিশুদের ভাসমান জনগোষ্ঠী হলে সংখ্যার হ্রাস-বৃদ্ধি দেখা যায়। তিনি সভাকে আরও জানান যে, গত মে মাসে বাস/রেল স্টেশন, লঞ্চঘাটসহ সম্ভাব্য স্থানে নৈশকালীন পরিদর্শন করে পরিবার বিচ্ছিন্ন পথ শিশু পাওয়া যায়নি। সভায় বলা হয় এসব শিশুদের বায়োমেট্রিককরণের কাজ চলমান রয়েছে। বায়োমেট্রিক করণের আইনগতদিক পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন আছে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। প্রকল্প পরিচালক-কে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের পরামর্শ প্রদান করেন।	পথশিশুদের জরিপ ও আশ্রয়কেন্দ্র সংশ্লিষ্ট বিষয় নিয়ে স্বয়ংসম্পূর্ণ একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে জমা দিতে হবে।	• যুগ্মসচিব (সেল), মশিবিম। • প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প/ কার্যক্রম পরিচালক, পথশিশু পুনর্বাসন কার্যক্রম।
৩.২	মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর),	যুগ্মসচিব(উন্নয়ন) জানান যে, ৩টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্য	৩টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবলসহ পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে	• অতিঃসচিব (উঃ ও পরিঃ), মশিবিম। • মহাপরিচালক,

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, ৩) ভিজিডি-ইউ পি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	গত ১৮/০৫/২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে এবং টেলিফোনিক যোগাযোগ অব্যাহত আছে। জনপ্রশাসন মন্ত্রণালয় বিষয়টির উপর কার্যক্রম গ্রহণ করছে।	অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	মবিঅ। • উপসচিব(উঃ-২), মশিবিম। • সহঃ সচিব (উঃ-১), মশিবিম।
৩.৩	বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র লিখতে হবে।	মহিলা বিষয়ক অধিদপ্তরের বাজেটে মেরামত ও সংরক্ষণ খাতে শিশু দিবাযত্ন কেন্দ্রের প্রয়োজনীয় সংস্কার কাজের জন্য অর্থ নাই। সভায় জানানো হয় যে, এ প্রেক্ষিতে গণপূর্ত বিভাগকে নিজস্ব অর্থায়নে সংস্কার কাজসমূহ সম্পাদনের জন্য গত ২৩/৫/১৭ তারিখে পত্র দেওয়া হয়েছে। এ বিষয়ে সভাপতি যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেন।	সচিবালয়ে শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির বিষয়ে যোগাযোগ তৎপরতা বৃদ্ধি করতে হবে।	• মহাপরিচালক, মবিঅ। • যুগ্মসচিব(মবিঅ), মশিবিম। • সহঃ সচিব (মবিঅ-১), মশিবিম।

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে নিয়মিতভাবে স্থায়ী কমিটিতে তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। নিম্নেমন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা হল:

ক্রমিক	মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	<u>২১/৪/২০১৪ তারিখের বৈঠকঃ</u> মন্ত্রিসভা বৈঠকে বিগত <u>১৫/৮/১৯৭৫ হতে ৯/৪/১৯৭৯</u> পর্যন্ত এবং <u>২৪/৩/১৯৮২ হতে ১১/১১/১৯৮৬</u> পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হবে সেগুলো স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র	(১) উপসচিব (শিশু) জানান যে, বাংলাদেশ শিশু একাডেমি আইন-২০১৭ কয়েকদফা নথিতে উপস্থাপন করা হয়। কয়েকটি ধারা পৌনঃপুনিক পর্যালোচনা ও অন্যান্য মন্ত্রণালয়ের সাথে পরামর্শকরণের জন্য আইনটি এখনো উপস্থাপনের জন্য অপেক্ষমান আছে। সভায় আইনটি দ্রুত উপস্থাপনের পরামর্শ প্রদান করা হয়। আইনের সার্বিক দিক পর্যালোচনা করে নথিতে পুন: উপস্থাপন করা হচ্ছে। (২) 'যৌতুক নিরোধ আইন, ২০১৭' এর বিষয়ে একটি কমিটি কাজ করছে।	(১) বাংলাদেশ শিশু একাডেমি আইন-২০১৭ নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপসহ দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। (২) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পর্যবেক্ষণ প্রতিপালনপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	• অতিঃ সচিব (শিশু), মশিবিম। • উপ-সচিব(শিশু), মশিবিম। • সিঃ সহঃ সচিব (শিশু), মশিবিম। • যুগ্ম-সচিব(সেল), মশিবিম। • সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম।

ক্রমিক	মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের নির্দেশ দেয়া হয়।			
৪.২	১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ (খ) সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়।	(খ) সভায় বলা হয় যে, ইতোমধ্যে ই-টেন্ডারিং বিষয়ে সফলতা অর্জনের জন্য মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ১দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের ভবিষ্যৎ ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্নকরণের জন্য মন্ত্রণালয় প্রস্তুত রয়েছে। তবে প্রকল্প থেকে বড় ধরণের ক্রয় সম্পাদিত হয় বিধায় সব প্রকল্পসহ মন্ত্রণালয়ে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করতে হবে মর্মে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়।	(খ) প্রকল্পসহ সকল ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।	• অতিঃ-সচিব (প্রশাসন/ উ: ও পরিঃ), মশিবিম। • উপ-প্রধান(পরি:) মশিবিম। • সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম

৫। মন্ত্রণালয়ের বিবিধ বিষয়াবলিঃ

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১	ডিজিটাল নথি ব্যবস্থাপনা	সভায় ডিজিটাল নথি ব্যবস্থাপনায় মন্ত্রণালয়ের পারফরম্যান্সের বিষয়টি আলোচনাকালে দেখা যায় যে, ই-ফাইলিং-এ মন্ত্রণালয়ের অবস্থান বর্তমানে ১৫ নম্বরে চলে গেছে। মন্ত্রণালয়ের অগ্রগতি আশানুরূপ নয়। সহকারী প্রোগ্রামার সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করে জানান যে, মন্ত্রণালয়ের কয়েকটি শাখা ই-ফাইলিং-এ নথি উপস্থাপন করছে না। সভাপতি এ বিষয়ে কঠোর নির্দেশনা প্রদান করেন যে, সকল নথি ই-ফাইলিং এর মাধ্যমে পেশ করতে হবে এবং অনুবিভাগ প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন। এছাড়া মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমিকে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ই-ফাইলিং-এর মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে মর্মে সভায় ঐক্যমত্য প্রকাশ করা হয়।	• মন্ত্রণালয়ের সকল নথি ই-ফাইলিং-এর মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং অনুবিভাগ প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন। • জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমিতে ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম শুরু করতে হবে। • দপ্তর/সংস্থা থেকে মন্ত্রণালয়ে ই-ফাইলিং এ পত্র প্রেরণ জোরদার করতে হবে।	• অতি: সচিব (সকল), মশিবিম। • মহাপরিচালক, মবিঅ। • নির্বাহী পরিচালক, জামস। • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম। • যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম। • পরিচালক, বাশিএ • সহকারী প্রোগ্রামার, মশিবিম।
৫.২	মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী)	কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, প্রশিক্ষণ প্রদানের জন্য রিসোর্স পার্সনের সাথে যোগাযোগ করা হচ্ছে। কিন্তু তিনি	জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে অনুবিভাগসমূহের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	• অতি: সচিব (প্রশা:), মশিবিম। • সকল অনুবিভাগ প্রধানগণ।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	কর্মপরিকল্পনা প্রণয়ন	নানাবিধ কাজে ব্যস্ত থাকায় মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়নের প্রশিক্ষণে সময় দিতে পারছে না। সভায় এসময় বলা হয় যে, মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিজেদেরই কর্মপরিকল্পনা প্রণয়নের সক্ষমতা অর্জন করা প্রয়োজন। সভাপতি বলেন যে, মন্ত্রণালয়ের মিশন-ভিশন, এসডিজি, অ্যালোকেশন অব বিজনেস এবং বিভিন্ন নীতিমালার আলোকে শাখা অধিশাখাকে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। অগ্রাধিকার ভিত্তিতে কর্মতালিকা দীর্ঘ, মধ্য ও স্বল্প মেয়াদে শ্রেণিবিন্যাস করতে হবে।		
৫.৩	জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি	"নারীর শারীরিক ও মানসিক বিকাশ সাধনে খেলাধুলার সুযোগ সৃষ্টি" শীর্ষক কর্মসূচিটির অগ্রগতি ধীরগতিতে হচ্ছে বলে সভায় বলা হয়। এ বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে পুনরায় চিঠি দেয়ার নির্দেশনা প্রদান করেন সভাপতি।	নারীর জন্য ক্রীড়ার সুযোগ সৃষ্টির বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে পুনরায় পত্র দিতে হবে।	• যুগ্ম-সচিব (সেল) মশিবিম। • সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম।
৫.৪	জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা	সভায় বলা হয় যে, জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা প্রণীত হয়েছিল- তা পর্যালোচনা ও পরীক্ষা করা প্রয়োজন। সভাপতি বলেন, এসডিজি'র আলোকে কর্মপরিকল্পনা হালনাগাদ করতে হবে। তিনি বলেন কয়েকটি মন্ত্রণালয়কে ক্লাস্টার ধরে WID-এর ফোকাল পয়েন্টের সভা করার বিষয়টি অনুসৃত হচ্ছে না। একটি ওয়ার্কশপের মাধ্যমে কর্মপরিকল্পনা হালনাগাদ করার বিষয়ে সভায় ঐকমত্য হয়।	• জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদকরণের জন্য একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। • ওয়ার্কশপের পূর্বে মন্ত্রণালয়/বিভাগসমূহের নারী উন্নয়ন নীতির কর্মপরিকল্পনা সম্পৃক্ত তথ্যাদি ও হালনাগাদ অবস্থান জানাতে হবে।	• অতিঃসচিব (উন্ন: ও পরিঃ), মশিবিম। • সিঃ সহঃ প্রধান (প্লাউ), মশিবিম।
৫.৫	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনার রিভিউ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ২০১৩ সালে এ কর্মপরিকল্পনা প্রণয়ন করার পর সব মন্ত্রণালয় ও বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমান কর্মপরিকল্পনা ও রিভিউ বিষয়ে একটি ওয়ার্কশপ করা যায়।	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনার উপর একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	• যুগ্ম-সচিব (সেল), মশিবিম। • প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প।
৫.৬	ইনোভেশন	গত ৪/৫/১৭ তারিখে মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থাসমূহকে ২০১৬ সালের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন এবং ২০১৭ সালের ইনোভেশন	প্রতি সভায় ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি অবহিত করতে হবে।	• অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম। • মহাপরিচালক, মবিঅ। • নির্বাহী পরিচালক, জামস।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		সম্পর্কিত কর্মপরিকল্পনা গত ১১/৫/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন যে, মহিলা বিষয়ক অধিদপ্তরে বেশ কয়েকটি ভাল উদ্ভাবনী উদ্যোগ গৃহীত হয়েছে। এক্ষেত্রে দপ্তর/সংস্থার ওয়েব-সাইটে ইনোভেশন মেন্যুতে প্রকল্পগুলো প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। তিনি মন্ত্রণালয় থেকে মাঠ পর্যায় পর্যন্ত উদ্ভাবনী সংস্কৃতি সৃষ্টির উপর গুরুত্ব দেন।		• পরিচালক, বাশিএ • সিঃ সহঃ প্রধান (পরি-১), মশিবিম।
৫.৭	মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)	মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ১৩/৬/১৭ তারিখে স্বাক্ষরিত হয়েছে। চুক্তি বাস্তবায়নে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ তৎপর ও সজাগ আছে মর্মে সভায় সকলে অবহিত করেন।	মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তাকে সজাগ ও তৎপর হতে হবে। মন্ত্রণালয়ের performance চুক্তি অনুযায়ী ১০০% বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট হতে হবে।	• অতিঃসচিব (প্রশাসন) মশিবিম। • উপসচিব(মবিঅ-২), মশিবিম। • সি: সহ: প্রধান(প্লাউ) মশিবিম। • সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম।
৫.৮	GRS	GRS বিষয়টি সম্পর্কে এখনো অস্পষ্টতা আছে মর্মে সভায় বলা হয়। এর হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন অন-লাইনে উপস্থাপন করার বিষয়টি নিশ্চিতকরণের উপর সভায় গুরুত্বারোপ করেন।	প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত কার্যক্রমের বর্তমান অবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীদেরকে নিয়মিতভাবে অবহিত করতে হবে।	• যুগ্মসচিব(প্রশাসন),মশিবিম। • সহঃ প্রোগ্রামার, মশিবিম। • সহঃ সচিব(প্রঃ-২), মশিবিম।
৫.৯	অডিট	অডিট নিস্পত্তি সম্পর্কে আলাপকালে নিয়মিত দ্বিপক্ষীয় অডিট সভা অনুষ্ঠানের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া অধিদপ্তর/সংস্থাকে অগ্রিম অনুচ্ছেদের বিষয়ে ত্রিপক্ষীয় সভা সম্পর্কে মন্ত্রণালয়কে জানাতে হবে।	ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা করতে হবে।	• উপ-সচিব (বাজেট ও অডিট),মশিবিম। • সহঃ সচিব (অডিট), মশিবিম।
৫.১০	প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন	পরিদর্শন কার্যক্রম বিষয়ে গত ১৩/৬/১৭ তারিখে প্রশাসন অনুবিভাগ থেকে একটি পত্র জারি করা হয়েছে। সভাপতি বলেন যে, মাঠ পর্যায়ের কাজ ও প্রকল্প কাজ মনিটরিং এর জন্য পরিদর্শনের গুরুত্ব রয়েছে। তাছাড়া পরিদর্শনের মাধ্যমে কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা নীতি নির্ধারণে সহায়ক ভূমিকা পালন করে। সভাপতি বলেন ডিজিটাল বাংলাদেশে পরিদর্শনের পাশাপাশি অন-লাইন মনিটরিং বৃদ্ধি করতে হবে। সে লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং ও স্কাইপি ব্যবহার বৃদ্ধি করতে হবে।	• প্রকল্প পরিচালকসহ জেলার কর্মকর্তাদের স্কাইপি আইডি খুলতে হবে। • পরিদর্শন/মনিটরিং অভিজ্ঞতা সভায় অবহিত করতে হবে।	• অতিঃসচিব (প্রশাসন), মশিবিম।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১১	শিশু বিকাশ কেন্দ্র আজিমপুর	শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুরের জন্য বাড়ি ভাড়ার বিষয়টি দীর্ঘকাল অনিস্পন্ন রয়েছে। সভাপতি দীর্ঘকাল অনিস্পন্ন থাকার কারণ জানতে চাইলে পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি জানান যে, নানবিধ প্রচেষ্টার পরও বাসা ভাড়া পাওয়া যাচ্ছে না। সভায় বাসা ভাড়া প্রদানের জন্য বিজ্ঞপ্তির পরামর্শ দেয়া হয়।	শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুরের জন্য বাড়ি ভাড়ার বিষয়ে বিজ্ঞপ্তি দিতে হবে।	• অতিঃ সচিব(শিশু), মশিবিম। • পরিচালক, বাশিএ।
৫.১২	জয়িতা ফাউন্ডেশন এর উদ্যোক্তাদের কে প্রশিক্ষণ প্রদান	সভায় বলা হয় জয়িতা ফাউন্ডেশন এর উদ্যোক্তাদেরকে জিরানিতে অবস্থিত ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমিতে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে প্রশিক্ষণ পরবর্তী ফলোআপ কার্যক্রম গ্রহণ করা যায়।	প্রশিক্ষণ পরবর্তী ফলোআপ নিশ্চিত করতে হবে।	• মহাপরিচালক, মবিঅ। • ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।
৫.১৩	শূণ্য পদ পূরণ ও পদ সৃজন	সভায় বলা হয় নিবিড়ভাবে সাংগঠনিক কাঠামো পরীক্ষার কার্যক্রম চলমান আছে। কিন্তু প্রোগ্রামার পদ ইতোমধ্যে শূন্য হয়েছে। সভাপতি বলেন মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের আলোকে প্রোগ্রামার, সহঃ প্রোগ্রামারের পদ পূরনের ব্যবস্থা নিতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রোগ্রামারের শূন্য পদে নিয়োগের জন্য পিএসসিকে পত্র দিতে হবে।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম। • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম। • সহকারী সচিব (প্রশাঃ-১), মশিবিম।
৫.১৪	মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধি	মন্ত্রণালয়ের গাড়ীর সংখ্যা বৃদ্ধির জন্য তথ্যাদি প্রেরণের বিষয়টি দ্রুতগতিতে সম্পন্ন করতে হবে। এছাড়া অর্গানোগ্রাম মোতাবেক গাড়ির সংখ্যা অনুসারে ড্রাইভারের পদ সৃজনের বিষয়টি পরীক্ষাপূর্বক দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সভায় সকলে একমত প্রকাশ করে।	যাচিত তথ্য দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে এবং গাড়ির সংখ্যা অনুসারে ড্রাইভারের পদ সৃজন করতে হবে।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম। • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম। • সহকারী সচিব (প্রশাঃ-২), মশিবিম।
৫.১৫	মন্ত্রণালয়ের স্থান সংকট	আবাসন পরিদপ্তরের প্রস্তাব মোতাবেক স্থানের সম্ভাব্য চাহিদা গত ৯/৫/১৭ তারিখে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়টি সমাধানের লক্ষ্যে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম। • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।
৫.১৬	জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC)	জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) কর্মপরিকল্পনার বিষয়ে দপ্তর/সংস্থা থেকে ইতোমধ্যে মতামত পাওয়া গেছে। মন্ত্রণালয় থেকে দ্রুত এই কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। একই সাথে তিনি নতুন অর্থ বছরের জন্য প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়নের উপর গুরুত্ব প্রদান করেন। এক্ষেত্রে দপ্তর/সংস্থা এবং প্রকল্পসমূহকেও নতুন অর্থ বছরের	• জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) চূড়ান্ত করতে হবে। • মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহকে আগামী অর্থ বছরের জন্য প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	• যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		শুরুতে সম্ভাব্য প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়নের গুরুত্বও সভায় আলোচিত হয়।		
৫.১৭	গণ শুনানী	মাঠ পর্যায়ে কর্মকর্তাদের গণশুনানী বিষয়ে স্বচ্ছ ধারণা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত ও 'ছক'-এর আলোকে মন্ত্রণালয় থেকে নির্দেশনা জারি করা হয়েছে।	গণশুনানীর বিষয়ে কেবিনেটের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ব্যবস্থা নিতে হবে।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম। • সহঃ সচিব (প্রঃ-৩) মশিবিম।
৫.১৮	বিবিধ	(ক) সমন্বয় সভায় উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা অনুপস্থিত থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন সকল কর্মকর্তাকে যথাসময়ে সমন্বয় সভায় উপস্থিত থাকতে হবে। এ সভায় মন্ত্রণালয়ের সকল গুরুত্বপূর্ণ চলমান বিষয়ে নানাবিধ আলোচনা হয়। অনিস্পন্ন বিষয়গুলো মনিটর করা হয়। এক্ষেত্রে ছুটি না নিয়ে এ সভায় অনুপস্থিত থাকলে পরবর্তীতে ব্যাখ্যা তলব করা হবে।	(ক) ছুটি বা দাপ্তরিক কাজে অনুমোদিত বাইরে অবস্থান ব্যতিরেকে কোন সদস্য সমন্বয় সভায় যথাসময়ে উপস্থিত না থাকলে সংশ্লিষ্ট দপ্তর/উইং প্রধানের মাধ্যমে পরবর্তী সভায় ব্যাখ্যা দাখিল করতে হবে।	• অতিরিক্ত সচিব (সকল), মশিবিম • সকল কর্মকর্তা, মশিবিম। • মহাপরিচালক, মবিঅ। • নির্বাহী পরিচালক, জামস। • পরিচালক, বাশিএ
		(খ) বর্তমান প্রশাসনিক ব্যবস্থাপনাকে তৎপর, জবাবদিহি করার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার আইন (RTI) এবং (GRS) প্রবর্তন করা হয়েছে। সভায় বলা হয় যে, মন্ত্রণালয়ের অনেক কর্মকর্তার মধ্যে বিষয়গুলি সম্পর্কে যথাযথ ধারনার অভাব রয়েছে। বিষয়গুলি সম্পর্কে সচেতনতা সৃষ্টিকরণের জন্য মন্ত্রণালয়ের সকল প্রশিক্ষণ মডিউলে (NIS), (RTI) এবং (GRS) বিষয়ে প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে হবে। প্রধান তথ্য কমিশনারকে প্রধান অতিথি করে জাতীয় মহিলা সংস্থার হলরুমে তথ্য অধিকার আইন নিয়ে একটি বড় কর্মশালা আয়োজন করা যায়।	(খ.১) মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থার প্রশিক্ষণ মডিউলে NIS, RTI এবং GRS এর বিষয় অন্তর্ভুক্ত করতে হবে। (খ.২) প্রধান তথ্য কমিশনারকে প্রধান অতিথি করে জাতীয় মহিলা সংস্থার হলরুমে তথ্য অধিকার আইন নিয়ে একটি বড় কর্মশালা আয়োজন করতে হবে।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম • মহাপরিচালক, মবিঅ। • নির্বাহী পরিচালক, জামস। • পরিচালক, বাশিএ
		(গ) মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থায় ব্যবহারযোগ্য ফরমগুলো গ্রাহক বান্ধব, সহজ করার বিষয়ে সভাপতি সভার দৃষ্টি আকর্ষন করেন। তিনি বলেন এখনো অনেক ফরম জটিল ও তথ্যবহুল রয়ে গেছে। ফরমগুলো সহজ ও সংক্ষিপ্ত করণের জন্য যুগ্মসচিব(প্রশাসন), পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর সমন্বয়ে কমিটি গঠন করা যেতে পারে।	(গ) কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হাল নাগাদ করে প্রতিবেদন দাখিল করবে।	• যুগ্ম-সচিব (প্রশাসন), মশিবিম • পরিচালক, বাশিএ • অতিঃপরিচালক, মবিঅ।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		(ঘ) সময়ের চাহিদার সাথে সঙ্গতি রেখে মন্ত্রণালয়ের কাজের পরিধির বিস্তার ঘটেছে। কিন্তু নতুন নতুন কাজগুলো Allocation of Business, 96 এর যথাযথভাবে প্রতিফলিত হয়নি। বিষয়টি পরীক্ষা ও পর্যালোচনা করে উপসচিব (শিশু) কে Allocation of Business হালনাগাদ করণের জন্য একটি ধারণাপত্র প্রণয়নের জন্য বলা হয়।	(ঘ) উপসিচব(শিশু) আগামী ০১ (এক) মাসের মধ্যে এ বিষয়ে একটি প্রতিবেদন দিবেন।	• উপসিচব(শিশু), মশিবিম
		(ঙ) সভায় বলা হয় বিভিন্ন দপ্তর/সংস্থা এবং শাখা থেকে যথাসময়ে প্রতিবেদন পাওয়া যায় না। এছাড়া যেসব প্রতিবেদন পাওয়া যায় সেগুলো স্বয়ংসম্পূর্ণ না এবং মন্ত্রণালয়ের কার্যক্রম যথাযথভাবে তুলে ধরা হয় না। যথাসময়ে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন না পাওয়ার কারণে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিবেদন প্রেরণ বিলম্বিত হয়ে পড়ে। সভাপতি বলেন পরবর্তীতে যে সব দপ্তর/সংস্থা বা শাখা থেকে প্রতিবেদন বিলম্বে পাওয়া যাবে তাদের বিষয় সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করা হবে।	(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত 'ছক' মোতাবেক প্রতিমাসের ০৩ তারিখে সকল দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের শাখা হতে পূর্ববর্তী মাসের সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। বিলম্বে প্রাপ্ত প্রতিবেদন বিষয়ে সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করতে হবে।	• সকল কর্মকর্তা, মশিবিম • মহাপরিচালক, মবিঅ। • নির্বাহী পরিচালক, জামস। • উপসচিব (শিশু), মশিবিম • সহঃ সচিব (সমন্বয়), মশিবিম।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং- ২১/০৬/২০১৭ খ্রিঃ।
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০০৬.০১৩.১৭-২৪৪

তারিখঃ ২১/০৬/২০১৭ খ্রিঃ।

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

কোহিনূর
২১/০৬/২০১৭
(কোহিনূর নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৭। যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ/সেল/) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।